

## ড্যাফোডিল ইন্টারন্যাশনাল স্কুল (ইভি)

শ্রেণি - তৃতীয়  
অর্ধ বার্ষিক - ২০২৪  
গদ্য - নদীর দেশ

শিক্ষকের নামঃ ফাতেমা নাবিলা

১। গদ্যটি রিডিং ও আলোচনা। ( পৃঃ৩৭-৩৮ )

নিচের অনুচ্ছেদটি পড়ে প্রশ্নগুলোর উত্তর লেখ।

বাংলাদেশ নদীর দেশ। জালের মতো জড়িয়ে আছে সেগুলো। বড় বড় নদী আছে পদ্মা-মেঘনা-যমুনা ব্রহ্মপুত্র। ব্রহ্মপুত্রের জন্ম হিমালয় পর্বতে। পদ্মা নদীর ইলিশ খুব বিখ্যাত। আরেক মজার নদীর নাম আত্রাই। বাংলাদেশ ও মায়ানমারকে ভাগ করেছে নাফ নদী। হরিণটানা, বালেশ্বর নীলকমল সুন্দরবনের ভিতর দিয়ে বয়ে চলেছে। নদীতে ময়লা ফেলে পানি নষ্ট করা হচ্ছে। কিন্তু নদী বাঁচলে মাছ ও জীব বাঁচবে। আমরা বাঁচব, বাংলাদেশ বাঁচবে।

২। শব্দার্থঃ

- ক) স্রোত - পানির প্রবাহ
- খ) খরস্রোতা - অনেক স্রোত আছে যার
- গ) দূষিত - নষ্ট
- ঘ) ডলফিন - তিমি জাতীয় জলজ প্রাণী
- ঙ) বিখ্যাত - নামকরা

৩। বাক্য গঠনঃ

- ক) ঐক্যেইক্যে - নদী ঐক্যেইক্যে চলে।
- খ) স্রোত - পদ্মা নদীর স্রোত বেশি।
- গ) শান্ত - এই নদীটি শান্ত।
- ঘ) শখ - তার শখ নদী দেখা।
- ঙ) শক্তি - ছোটো ছোটো নদীরও কী শক্তি।

৪। সঠিক উত্তরঃ

১) ছোট নদী -

গ) ধানতারা

২) হিমালয় পর্বতে জন্ম -

ক) পদ্মা নদীর

৩) বাংলাদেশ ও মায়ানমারকে ভাগ করেছে -

খ) নাফ

৪) প্রতিবেশী দেশকে দেখার শখ -

ক) আত্রাই নদীর

৫। প্রশ্নোত্তরঃ

ক) কোন নদীর ইলিশ বিখ্যাত?

উঃ পদ্মা নদীর ইলিশ বিখ্যাত।

খ) হরিনটানা নদী কোন বনের ভেতর দিয়ে বয়ে চলেছে?

উঃ সুন্দরবনের ভেতর দিয়ে হরিনটানা নদী বয়ে চলেছে।

গ) কোন নদীর পানি ময়লায় কালো হয়ে গেছে?

উঃ ঢাকার বুড়িগঙ্গা নদীর পানি ময়লায় কালো হয়ে গিয়েছে।